NYC Human Resources Administration
Department of Social Services

শিশু সহায়তা বলবত্‌করণ দপ্তর (Office of Child Support Enforcement)

শিশু সহায়তা সংক্রান্ত তথ্য 888-208-4485
www.nyc.gov/hra/ocse
www.childsupport.ny.gov

শিশু সহায়তা পরিষেবার গাইড

শিশু সহায়তা বলবৎকরণ (OCSE) কাস্টডিয়াল পেরেন্টদের এবং অভিভাবকদের ননকাস্টডিয়াল পেরেন্টের থেকে তাদের শিশুর জন্য সহায়তা প্রাপ্ত করার জন্য নিয়োজিত যা তাদের প্রয়োজন এবং যা তাদের প্রাপ্য। প্রতিটি কাস্টডিয়াল পেরেন্টের জন্য শিশু সহায়তা পরিষেবা উপলব্ধ, তাদের উপার্জন, নগদ সহায়তা অথবা অভিভাসন স্থিতি নির্বিশেষে। নিউ ইয়র্ক স্টেট এখন কাস্টডিয়াল পেরেন্টদের থেকে ফেডারেল সরকারের বাধ্যতামূলক $25 নিচ্ছেন যারা কখনো নগদ সহায়তার সাহায্য নেননি এবং যারা প্রতি বছর $500 এর বেশি পান শিশু সহায়তা বাবদ। নগদ সহায়তা নেওয়া এবং না নেওয়া উভয় পরিবারের কাছে যে নির্দিষ্ট কিছু পরিষেবা উপলব্ধ, নিম্নলিখিতগুলি তার অন্তর্গত:

ননকাস্টোডিয়াল পেরেন্টকে (NCP) খুঁজে বের করা

ননকাস্টডিয়াল পেরেন্টের বাড়ি এবং/অথবা কর্মস্থলের ঠিকানা যদি অজানা থাকে, তাও কাস্টডিয়াল পেরেন্ট শিশু সহায়তা চাইতে পারেন। OCSE সেই ব্যক্তির খোঁজ করবে কম্পিউটারের মাধ্যমে, ননকাস্টডিয়াল পেরেন্ট কোন রাজ্যে বাস করেন/বা কাজ করেন তা নির্বিশেষে।

শিশু সহায়তার কর্মীকে যত সম্ভব তথ্য প্রদান করলে তা সনাক্তকরণ এবং অবস্থানের প্রক্রিয়াকে সহজতর করবে। **কাস্টডিয়াল পেরেন্ট সব চেয়ে গুরুত্বপূর্ণ যে তথ্য প্রদান করতে পারেন তা হলো ননকাস্টডিয়াল পেরেন্টের নাম এবং সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদর্শন করা সহ একটি দলিল প্রদর্শন করা।**

সমন পরিষেবা

একটি শিশু সহায়তার শুনানির জন্য পারিবারিক আদালতে পিটিশন ফাইল হয়ে যাবার পরে, ননকাস্টডিয়াল পেরেন্টেরকে একটি সমন জারি করতে হবে। OCSE সমন পরিষেবা প্রদান করে নিউ ইয়র্ক শহরের শিশু সহায়তা আবেদনকারীদের জন্য। নতুন কেসের জন্য এবং যারা পরিবর্তনের অনুরোধ করছেন তাদের জন্য সমন অগ্রাধিকার ডাক মারফত সমন জারি করা হয়। ননকাস্টডিয়াল পেরেন্ট যদি প্রথম শুনানিতে আসতে ব্যর্থ হন অথবা যদি একটি লঙ্ঘন সংক্রান্ত পিটিশন দাখিল করা হয়ে থাকে, OCSE ব্যক্তিগত পরিষেবা প্রদান করে শেরিফের দপ্তরের মাধ্যমে। কাস্টডিয়াল পেরেন্ট যদি স্থির করেন তাহলে তিনি কাউকে বলতে পারেন তার হয়ে সমন পাঠাতে। কাস্টডিয়াল পেরেন্ট নিজে সমন নাও পাঠাতে পারেন।

পিতৃত্ব প্রতিষ্ঠা করা

পিতৃত্ব অর্থ বাবা হওয়া। পিতৃত্ব প্রতিষ্ঠা করার অর্থ আইনগতভাবে অবিবাহিত পেরেন্টদের একটি শিশুর পিতাকে সনাক্ত করা। উভয় পেরেন্ট যদি সম্মত হয়, তারা একটি পিতৃত্বের স্বীকৃতি ফর্ম স্বাক্ষর করতে পারেন হাসপাতালে অথবা জন্ম কেন্দ্রে শিশু ভূমিষ্ঠ হওয়া মাত্র অথবা যতদিন না শিশুটি 21 বছর বয়সে পৌঁছেছে। স্বেচ্ছাকৃত প্রক্রিয়ায় যদি পিতৃত্ব প্রতিষ্ঠা না করা

যায়, সেটি একটি পারিবারিক আদালতের শুনানিতে করা সম্ভব যেখানে একটি অর্ডার ফিলিয়েশন জারি করা হবে। একবার পিতৃত্ব প্রতিষ্ঠা হলে, পিতা সম্বন্ধে তথ্য পাঠানো হবে পিউটেটিভ ফাদার রেজিস্ট্রিতে (Putative Father Registry)(PFR)। নিউ ইয়র্ক রাজ্যের আইনসম্মত পিতাদের নথি রাখে PFR এবং তাদের সাথে আলোচনা করা যেতে পারে উত্তরাধিকার এবং দত্তক ও অন্যান্য আইনগত বিষয় সম্বন্ধে যার জন্য শিশুটির পিতাকে বিজ্ঞপ্তি পাঠানো প্রয়োজন।

DNA পরীক্ষা

যদি পিতার পরিচয় নিয়ে কোনো সন্দেহ থাকে, হাসপাতালের জন্ম নিবন্ধককে জিজ্ঞেস করুন অথবা OCSE আউটরিচ সার্ভিসেস ইউনিটের (OCSE Outreach Services Unit) সাথে যোগাযোগ করুন (929)221-5008 নম্বরে কম-খরচের DNA পরীক্ষার জন্য। আপনি যদি বিবাহিত হন, অথবা একটি শিশু সহায়তার অর্ডার ইতিমধ্যেই প্রতিষ্ঠা করা হয়ে থাকে, DNA পরীক্ষার একটি অনুরোধ অবশ্যই আদালতে করতে হবে। DNA পরীক্ষা যদি তথাকথিত পিতার জন্য নেতিবাচক হয়, শিশু সহায়তার অর্ডার স্বয়ংক্রিয়ভাবে সমাপ্ত হবে না। একটি আদালতের শুনানির প্রয়োজন হবে এবং সাপোর্ট ম্যাজিস্ট্রেট একটি সিদ্ধান্ত নেবেন যা শিশুটির সেরা স্বার্থের অনুকূল।

শিশু সহায়তার অর্ডার প্রতিষ্ঠা করা

শিশু সহায়তার পরিমান স্থির করা হয় একটি পারিবারিক আদালতের শুনানিতে একটি সাপোর্ট ম্যাজিস্ট্রেটের সামনে। একটি সহায়তার অর্ডারে অবশ্যই আর্থিক সহায়তা এবং চিকিত্সাগত সহায়তা থাকতে হবে। চিকিৎসা বিষয়ক সহায়তার অর্থ স্বাস্থ্য বিমার কভারেজার খরচ প্রদান করা এবং শিশুটির জন্য বিমার কো-পেমেন্ট প্রদান করা। অর্ডারটির মধ্যে শিক্ষা এবং শিশু প্রজন্নের খরচও থাকতে পারে। প্রয়োজন হলে, শিশু সহায়তার অর্ডারের সাথে পিতৃত্বও আদালতে প্রতিষ্ঠা করা যেতে পারে। উভয় পেরেন্ট শুনানির জন্য উপস্থিত হবেন এই আশা করা হয় এবং যত বেশি সম্ভব তথ্য নিয়ে আসবেন যাতে করে সাপোর্ট ম্যাজিস্ট্রেট একটি শিশু সহায়তার অর্ডার প্রতিষ্ঠা করতে পারেন।

শিশু সহায়তার পেমেন্ট সংগ্রহ করা

অর্ডারটি যদি OCSE সাপোর্ট কালেকশন ইউনিটের মাধ্যমে প্রদেয় হয়, তাহলে ননকাস্টডিয়াল পেরেন্টের পেমেন্টগুলি নিয়মিতভাবে সংগ্রহ করা হবে এবং ডাইরেক্ট ডিপোজিট দ্বারা বৈদ্যুতিনভাবে কাস্টডিয়াল পেরেন্টের ব্যাঙ্কে পাঠানো হবে, অথবা একটি নিউ ইয়র্ক স্টেট EPPIকার্ড ডেবিট মাস্টারকার্ড কর্মসূচীর (New York State EPPICard Debit MasterCard program) মাধ্যমে পাঠানো হবে। নতুন শিশু সহায়তার গ্রাহক স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধিত হবে EPPIকার্ড ডেবিট মাস্টারকার্ড কর্মসূচিতে, ডাইরেক্ট ডিপোজিটের মাধ্যমে নিজের ব্যাঙ্কে স্থানান্তকরণের বিকল্প সহ। *(ডাইরেক্ট ডিপোজিট আবেদন পত্রের জন্য স্ক্রোল করে পৃষ্ঠা 4 এ যান)* নিউ ইয়র্ক স্টেট প্রসেসিং সেন্টার আর চেক পাঠাবে না যদি না কষ্টকর পরিস্থিতি বিদ্যমান হয়।

যে সব কাস্টডিয়াল পেরেন্ট নগদ সহায়তা পাচ্ছেন তারা প্রথম $100 রাখতে পারবেন ($200 2টি শিশু বা তার বেশির জন্য) শিশু সহায়তা থেকে প্রতি মাসে। একে বোনাস বা পাসথ্রু পেমেন্ট বলে এবং তা গ্রাহককে প্রদান করা হয় EBT (ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার) এর মাধ্যমে। সংগৃহীত শিশু সহায়তার বাকি অর্থ সরকারকে অর্থ পরিশোধ করতে সাহায্য করার জন্য ব্যবহার করা হয় যা তারা খরচ করেছে কাস্টডিয়াল পেরেন্টকে নগদ সুবিধা দেবার জন্য।

শিশু সহায়তার অর্ডার বলবৎ করা

শিশু সহায়তার পেমেন্ট যদি পিছিয়ে পড়ে, বিভিন্ন প্রশাসনিক/স্বয়ংক্রিয় পন্থার দ্বারা শিশু সহায়তার অর্ডার বলবত করার অধিকার OCSE-র আছে। প্রশাসনিক প্রক্রিয়া যদি অকার্যকর বা অনুপযুক্ত প্রমাণিত হয় শিশু সহায়তার অর্থ সংগ্রহের জন্য, সহায়তা বলবত্করণের জন্য আদালতের হস্তক্ষেপ প্রয়োজন হতে পারে:

প্রশাসনিক/স্বয়ংক্রিয় প্রক্রিয়া - কোনো আদালতের ক্রিয়ার প্রয়োজন নেই

- সাময়িকভাবে সংগৃহীত শিশু সহায়তার পরিমান বৃদ্ধি করে যতক্ষণ না ঋণ চুকিয়ে ফেলা হচ্ছে
- কর প্রত্যার্পণ অফসেট করা
- লটারির পুরস্কার রোধ করা
- সম্পত্তি এক্সিকিউট করা
- ড্রাইভার'স লাইসেন্স স্থগিত করা
- ক্রেডিট ব্যুরোকে জানানো
- কর এবং অর্থনৈতিক বিভাগকে রেফারেল দেওয়া
- নতুন পাসপোর্ট বা পাসপোর্ট পুনর্নবীকরণ করতে না দেওয়া
- নতুন NYC ব্যবসায়িক এবং পেশাদারী লাইসেন্স বা NYC ব্যবসায়িক এবং পেশাদারী লাইসেন্স পুনর্নবীকরণ করতে না দেওয়া

বিচারপ্রক্রিয়া — আদালতের শুনানি প্রয়োজন

- সম্পত্তির উপর পূর্বসত্ব
- একটি কাজ সংক্রান্ত কর্মসূচিতে অংশগ্রহণ করা (STEP)
- সুদ সহ অর্থ সংক্রান্ত রায়
- পেশাদারী, ব্যবসায়িক এবং বৃত্তি সংক্রান্ত লাইসেন্স স্থগিত করা
- ফৌজদারি মামলার জন্য রেফার করা
- গ্রেপ্তার/কারাবাস হওয়া

শিশু সহায়তার অর্ডার পরিবর্তন করা

উভয় পেরেন্ট একটি শিশু সহায়তার অর্ডার পরিবর্তন করার পিটিশন ফাইল করতে পারেন পরিস্থিতির উল্লেখযোগ্য পরিবর্তনের কারণে। অর্ডারটি বৃদ্ধি করা হতে পারে যদি ননকাস্টডিয়াল পেরেন্টের উপার্জন বেড়ে গিয়ে থাকে অথবা শিশুটির প্রয়োজন যদি বৃদ্ধি পেয়ে থাকে। অর্ডারটি হ্রাস করা হতে পারে ননকাস্টডিয়াল পেরেন্টের উপার্জন যদি অপরিকল্পিতভাবে কমে গিয়ে থাকে। নিম্নলিখিত মান প্রযোজ্য **শিশু সহায়তার অর্ডারের ক্ষেত্রে যা প্রতিষ্ঠিত হয়েছে অক্টোবর 13, 2010-তে** বা তার পরে।

- অর্ডারটি শেষ প্রবেশ, পরিবর্তন বা সমন্বয়সাধনের পরে তিন বছর কেটে গেছে।
- উভয় পেরেন্টের মোট উপার্জনে পনেরো শতাংশ বা তার বেশি পরিবর্তন হয়েছে অর্ডারটি প্রবেশ, শেষ পরিবর্তন বা সমন্বয়সাধনের পরে। উপার্জনের হ্রাস হয়ে থাকলে তা অনিচ্ছাকৃত হতে হবে এবং যে পেরেন্ট হ্রাসপ্রাপ্ত উপার্জনের দাবি করছেন তাকে অবশ্যই কর্মসংস্থানের চেষ্টা করে থাকতে হবে তার শিক্ষা, ক্ষমতা এবং অভিজ্ঞতা অনুযায়ী।
- বন্দী ব্যক্তিগণ অবশ্যই একটি পরিবর্তনের পিটিশন দাখিল করবেন পরিস্থিতির উল্লেখযোগ্য পরিবর্তনের কারণে যদি না তাদের কারাবাস শিশু সহায়তা প্রদান না করার জন্য অথবা কাস্টডিয়াল পেরেন্ট বা শিশুর প্রতি কোনো অপরাধের জন্য হয়ে থাকে।

অর্ডারের কোনো পরিবর্তন সেদিন থেকে কার্যকর হবে যে তারিখে আদালতে পিটিশন ফাইল করা হয়েছিল, সেই তারিখে নয় যেদিন পরিস্থিতির পরিবর্তন হয়েছিল।

শিশু সহায়তার অর্ডার বৃদ্ধি পেতে পারে আদালতে না গিয়ে একটি কস্ট অফ লিভিং এডজাস্টমেন্ট (COLA)-র সাহায্যে। COLA শিশু সহায়তার অর্ডার বৃদ্ধি করে জীবনধারণের খরচ বৃদ্ধি অনুযায়ী। পারিবারিক আদালতে যে পরিবর্তন করা হয় তার চেয়ে অন্যরূপ, COLA-র বৃদ্ধি করে OCSE, একটি নির্দিষ্ট পরিমানের জন্য, আদালতে ফিরে না গিয়ে। শিশু সহায়তার কেস স্বয়ংক্রিয়ভাবে পর্যালোচনা করা হয় COLA-র যোগ্যতার জন্য একটি কম্পিউটারাইজড সিস্টেমের মাধ্যমে।

কেসগুলি অবশ্যই অন্তত দুই বছরের পুরনো হতে হবে অথবা এমন শিশু সহায়তার অর্ডার থাকতে হবে যা পরিবর্তন করা হয়নি গত দুই বছরে। পেরেন্টদের জানানো হবে যখন তাদের কেস COLA-র জন্য যোগ্য হয়ে ওঠে।

OCSE-377 (B)

ডাইরেক্ট ডিপোজিট নথিভুক্তকরণ ফর্ম

যদি আপনি ডাইরেক্ট ডিপোজিট-এ নাম নথিভুক্ত করতে চান তাহলে আপনাকে অবশ্যই এই ফর্মটি পূরণ করতে হবে এবং এটি আমাদের কাছে ফেরত পাঠাতে হবে।

নির্দেশনাঃ

1. যদি আপনি ডাইরেক্ট ডিপোজিট-এ নাম নথিভুক্ত করতে তাহলেই কেবলমাত্র নীচে দেওয়া উভয় সেকশন পূরণ করুন এবং তারপর ফর্মটি ফেরত দিন।
2. অনুগ্রহ করে পূরণ করা ফর্মটি এই ঠিকানা বরাবর ডাকযোগে পাঠাবেন: NYS Child Support Processing Center, P.O. Box 15367, Albany, NY 12212-5367.
3. এই ফর্মটি কিভাবে পূরণ করেত হবে সেবিষয়ে কোনো প্রশ্ন থাকলে যোগাযোগ করুন এই নাম্বারে, 888-208-4485, TTY 866-875-9975, ভিডিও রিলে সার্ভিস (www.fcc.gov/encyclopedia/trs-providers).

A. যিনি ডাইরেক্ট ডিপোজিটের ফর্মটি পূরণ করছেন তাঁকেই প্রয়োজনীয় তথ্যাবলি উল্লেখ করে এই ফর্মটি সম্পূর্ণভাবে পূরণ করতে হবে।

এই তথ্য অবশ্যই প্রদান করতে হবে। যদি কোনো তথ্যাবলি না পাওয়া যায়, সেক্ষেত্রে ফর্মটি সম্পূর্ণভাবে পূরণ করার জন্য ফেরত পাঠানো হবে।

আপনার নাম **ইমেইল ঠিকানাঃ (ঐচ্ছিক)** ________________________________

________________________________ **ফোন নম্বর** (____________)__________-____________

শেষ প্রথম এমআই

আপনার ঠিকানা ________________________________ **দেশের নাম** ________________________________

রাস্তা________________________________ **নিয় ইয়র্ক কেস আইডেনটিফায়ার** ________________________

শহর________________________________রাজ্য______________ জিপ কোড________________________

সোশ্যাল সিকিউরিটি নম্বর_______-________-________ **জন্মের তারিখ** (মাস/দিন/বছর)________/_____/_________(মাস-দিন- চার সংখ্যার বছর)

অ্যাকাউন্ট নম্বর________________________________ **রাউটিং ট্রানজিট নম্বর** ____ ___ ___ ___ ___ ___ ___ ___ ___

উপরে উল্লেখিত চাইল্ড সাপোর্ট অ্যাকাউন্টে আমি প্রত্যয়িত করছি যে আমি চাইল্ড সাপোর্ট এবং/অথবা স্পাউস সাপোর্ট পেমেন্ট পাওয়ার বিষয়ে যোগ্যতম। আমি অনুমোদন করছি যে নীচে উল্লেখিত আর্থিক প্রতিষ্ঠানে আমার চাইল্ড সাপোর্ট/ স্পাউজাল সাপোর্ট পেমেন্ট পাওয়ার বিষয়ে সাপোর্ট কালেকশন ইউনিট যেন আমার প্রাপ্য পাঠিয়ে দেয় যা আর্থিক প্রতিষ্ঠান নির্দেশিত অ্যাকাউন্টে সেই অর্থ জমা করা হবে। সাপোর্ট কালেকশন ইউনিট যতদিন না পর্যন্ত আমার কাছ থেকে পরবর্তী বিজ্ঞপ্তি না পাচ্ছে ততদিন এই অনুমোদন চালু থাকবে। সাপোর্ট কালেকশন ইউনিটের এই প্রক্রিয়া বন্ধ করার জন্য উপযুক্ত সময় পাবে।

স্বাক্ষর____ **তারিখ**___/_____/_____

- -

B. প্রয়োজনীয় তথ্য আর্থিক প্রতিষ্ঠানকে সম্পূর্ণ করতে হবে

অনুগ্রহ করে এই ফর্মটি আপনার ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের কাছে নিয়ে যান নিম্নলিখিত তথ্যের এবং তাদের স্বাক্ষরের জন্য:

ব্যাঙ্কের তথ্য: আর্থিক প্রতিষ্ঠানের নাম (ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়ন): ________________________________

ঠিকানা________________________________শহর____________________রাজ্য________জিপ___________

অ্যাকাউন্টের তথ্য: ____________চেকিং ____________সেভিংস (এটি একটি ট্রাস্ট অ্যাকাউন্ট হতে পারবে না আরেকজনের অথবা একটি বৈদেশিক আর্থিক প্রতিষ্ঠানের অ্যাকাউন্টকে সুবিধা দেওয়ার জন্য)

অ্যাকাউন্ট নম্বর________________________________রাউটিং ট্রানজিট নম্বর________________________________

উপরোক্ত আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে, আমি প্রত্যয়ন করছি যে এই আর্থিক প্রতিষ্ঠানটি ACH সক্ষম এবং সহায়তার পেমেন্ট প্রাপ্ত হবে ও জমা দেবে সেই ব্যাঙ্কের অ্যাকাউন্টে যার নম্বর উপরে দেওয়া আছে|

________________________________ ________________________________ ______________

প্রতিনিধির স্বাক্ষর **প্রতিনিধির মুদ্রিত নাম** **তারিখ**